আলমডাঙ্গায় মতবিনিময় ও আব্দুল মজিদ মেমোরিয়াল সায়েন্স কর্নার উদ্বোধন

আলমডাঙ্গা স্বয়ম্ভর লাইব্রেরির উদ্যোগে বিজ্ঞানশিক্ষা বিষয়ক মতবিনিময় ও আব্দুল মজিদ মেমোরিয়াল সায়েন্স কর্নারের শুভ উদ্বোধনে করা হয়।

আজ বুধবার সকাল ১০ টার দিকে জেস টাওয়ার ভবনে স্বয়ম্ভর লাইব্রেরির হলরুমে স্বয়ম্ভর লাইব্রেরির সভাপতি ও দি নিউনেশন পত্রিকার স্টাফ রিপোটার সাংবাদিক এনামুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গার কৃতি সন্তান কানাডার ক্যালগরি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. আনিস হক (রাজ)।

উল্লেখ্য শিক্ষক আব্দুল মজিদ আলমডাঙ্গা সরকারি উচ্চ বিদ্যালয়ের স্বনামধন্য শিক্ষক ছিলেন এবং ড. আনিস হক রাজ তার নাতি ছেলে। দাদার প্রতি অকৃত্রিম ভালবাসা ও স্মৃতি ধরে রাখতে ড. রাজ বাংলা ভাষায় প্রকাশিত অধিকাংশ বিজ্ঞান বই উপহার দিয়ে স্বয়ম্ভর পাবলিক লাইব্রেরিতে ” মজিদ স্যার মেমোরিয়াল কর্ণার” চালু করলেন। তিনি প্রায় দেড় ঘন্টা সময় নিয়ে বিজ্ঞানশিক্ষা বিষয়ে গুরুত্বপূর্ণ মতামত তুলে ধরেন এবং ছাত্রছাত্রী ও অভিভাবকদের নানা প্রশ্নের উত্তর দেন।

অনুষ্ঠানে উপস্থিত সূধীজনেরা তাদের বক্তব্যে এ জাতীয় কর্মকান্ডের ভূয়সী প্রশংসা করে এলাকার উন্নয়নে সবাইকে এভাবে এগিয়ে আসার আহবান জানান। একই অনুষ্ঠানে কালিদাসপুরের সন্তান ইতালি প্রবাসী আব্দুল্লাহ টিপু সুলতান এবং তার সহধর্মিনী নারগিস আরা শিল্পী (কানাডিয়ান-বাংলাদেশী নাগরিক) স্বয়ম্ভর লাইব্রেরীকে আনুমানিক ১২,৫০০/ (বার হাজার পাঁচশত) টাকা মূল্যমানের বই উপহার দেন । উল্লেখ্য টিপু সুলতান বেশ কিছু গুরুত্বপূর্ণ বই (ইংরেজি ভার্সন) সরাসরি ইতালি থেকে নিয়ে এসেছেন।

এমএসজোহা কলেজের সিনিয়র প্রভাসক একেএম ফারুক হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তব্য রাখেন আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আয়ুব হোসেন, সর্বজন শ্রদ্ধেয় শিক্ষক আফিল উদ্দিন, সাবেক মৎস অফিসার মীর আব্দুল হামিদ চৌধুরী, আলমডাঙ্গা সরকারি কলেজের

ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোনায়েম হোসেন, প্রেসক্লাবের সভাপতি খোঃ শাহ আলম মন্টু, সাধারণ সম্পাদক খন্দকার হামিদুল ইসলাম আজম, হারদী এমএস জোহা ডিগ্রী কলেজের অধ্যক্ষ ওমর ফারুক, চুয়াডাঙ্গা সরকারি বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ডিনা ম্যাডাম, এরশাদপুর একাডেমীর প্রধান শিক্ষক ফজলুল হক, হালসা কলেজের ক্রীড়া শিক্ষক শরিফুল ইসলাম, কবি আব্দুল কুদ্দুস, সরকারি কলেজের ক্রীড়া শিক্ষক সাইদ হীরন, ক্রীড়া সংগঠক মিজানুর রহমান, আব্দুর রশিদ, বিশ্বজিৎ শাধুখাঁ, বণিক সমিতির সাধারণ সম্পাদক কামাল হোসেন প্রমুখ ।

এছাড়াও অনুষ্ঠানে এলাকার অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ ও সূধীজনেরা উপস্থিত ছিলেন। এছাড়াও উপস্থিত ছিলেন আলমডাঙ্গা সরকারি কলেজের সিনিয়র প্রভাসক শরিয়তুল্লাহ, প্রভাসক আব্দুল হাই, প্রভাসক প্রদর্শক রাজিউজ্জামান রাজ, চন্দন পাল ও রাকিবের নেতৃত্বে স্বয়ম্ভর লাইব্রেরির স্বেচ্ছাসেবক দলের সার্বিক তৎপরতায় অনুষ্ঠানটি অত্যন্ত সুন্দরভাবে সম্পন্ন হয়।

দামুড়হুদায় ইউনিয়ন পর্যায়ে মতবিনিময়, শান্তি ও উন্নয়ন সমাবেশ

দামুড়হুদায় ইউনিয়ন পর্যায়ে বর্তমান সরকারের সামাজিক সুরক্ষার আওতায় সুবিধাভোগী ব্যক্তিদের নিয়ে মতবিনিময়, শান্তি ও উন্নয়ন সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার সকাল ১১টায় হাউলী ইউনিয়নের লোকনাথপুর ফুটবল মাঠে।

এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর এমপি বলেন, প্রধানমন্ত্রী অসহায় মানুষের কথা চিন্তা করে দেশে সকল প্রতিবন্ধি, বিধবা, বয়স্ক ও শিশু ভাতাসহ অসংখ্যক ভাতা প্রদান করছে সরকার। শেখ হাসিনা দেশের মানুষের কথা চিন্তা করে। দেশের উন্নয়নের কথা ভাবে। অতীতে কোনো সরকার প্রতিবন্ধীদের কথা ভাবেন নাই, গর্ভধারণ নারীদের নিয়ে চিন্তা করেন নাই, গরীবদুঃখী শিশুদের পুষ্টির কথা ভাবেন নাই, অবহেলিত বয়স্ক

বৃদ্ধ-বাবা মায়েদের কথা ভাবেন নাই, তাঁরা কিভাবে জীবন যাপন করেন। কোন সরকার দুস্থ রোগীদের চিকিৎসার কথা ভাবেন নাই, শেখ হাসিনার সরকার ভেবেছে। কোন সরকার ভাবেন নাই, কিভাবে অসহায় পরিবারের শিক্ষার্থীরা লেখাপড়া করবে, শেখ হাসিনা সরকার ভেবেছে। বঙ্গবন্ধুর নাতনি জননেত্রী শেখ হাসিনার কন্যা সায়মা ওয়াাজেদ পুতুল আজ প্রতিবন্ধীদের নিয়ে কাজ করছেন। তিনি সারাদেশের প্রতিবন্ধীদের কর্মসংস্থান ও তাদের জীবন মান উন্নয়নে ব্যাপক ভূমিকা পালন করছেন।

তিনি আরও বলেন, আমি আপনাদের সন্তান আপনাদের ভাই, আপনাদেরই ছেলে আরেকবার জাতীয় সংসদ নির্বাচনে নৌকা মার্কায় ভোট চাইছি এবং ভোট দিয়ে শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে হবে এবং রাষ্ট্রীয় ক্ষমতায় আবারো শেখ হাসিনাকে বসাতে হবে। আপনারা সবাই নৌকায় ভোট দিবেন।

আগামী জাতীয় সংসদ নির্বাচনে যদি আপনারা ভুল করেন তাহলে বিএনপি জামাত আবারো মানুষকে জিম্মি করবে। সন্ত্রাসের রাজত্বকায়েম করবে। সকল প্রকার ভাতা বাতিল করবে। যদি আরো সুবিধা পেতে চান তাহলে নৌকায় ভোট দিতে হবে এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জন্য দোয়া কামনা করে বক্তব্য শেষ করেন। এর আগে তিনি ভাতাভোগীদের নিকট থেকে সরকারের উন্নয়ন কথা মনোযোগসহকারে শুনেন।

অনুষ্ঠান শুরুতেই কোরআন তেলাওয়াত করেন দামুড়হুদা মডেল মসজিদের পেশ ইমাম মুফতি মামুনুর রশিদ।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজী মোঃ শহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান মোঃ হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, হাউলী ইউনিয়ন চেয়ারম্যান ভারপ্রাপ্ত নিজাম উদ্দিন, কুড়ালগাছী ইউপি চেয়ারম্যান মোঃ কামাল উদ্দিন।

দামুড়হুদা উপজেলা সমাজ সেবা অফিসার তোফাজ্জেল হকের সঞ্চালনায়, এসময় আরো উপস্থিত ছিলেন হাউলী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি হাজী আলী আহম্মদ সোনা, সাধারণ সম্পাদক আবু সাঈদ খোকন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, দর্শনা পৌর আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক গোলাম ফারুক আরিফ,

দর্শনা পৌর আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, হাউলী ইউনিয়ন যুবলীগের সভাপতি আয়ুব আলী স্বপন, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান বিপ্লব, দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকু, হাউলী ইউনিয়ন ছাত্রলীগের আহ্বায়ক রাসেল আহমেদ,যুগ্ন আহ্বায়ক রায়হানুল ইসলাম রায়হান সহ হাউলী ইউনিয়নের সুবিধাভোগী রাজনৈতিক নেতৃবৃন্দ সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে শারদীয় দুর্গাপূজা উপলক্ষে মতবিনিময় ও আলোচনা সভা

“পুলিশই জনতা জনতাই পুলিশ”এই প্রতিপাদ্য শারদীয় দুর্গাপূজা উপলক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুর মডেল থানা পুলিশের আয়োজনে মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার (১৬ অক্টোবর) দুপুরে মডেল থানা চত্বরে এ মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন মডেল থানার অফিসার ইনর্চাজ সৈয়দ আল-মামুন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পৌর সভার মেয়র সহিদুজ্জামান সেলিম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, বীর মুক্তি যোদ্ধা সাবেক কমান্ডার তাজুল ইসলাম, মডেল থানার তদন্ত (ওসি) জগন্নাথ চন্দ্র, পৌর পুলিশ ফাঁড়ির পরিদর্শক শাহাদাৎ হোসেন, পৌর আওয়ামী লীগের সভাপতি কাজী আলমগীর হোসেন, সাধারণ সম্পাদক রিপন মন্ডল, উপজেলা যুবলীগের আহ্বায়ক মীর মনিরুল আলম, বাংলাদেশ পূজা উদযাপন পরিষদ কোটচাঁদপুর শাখার সাধারণ সম্পাদক রবীন্দ্রনাথ রায়,পৌর কাউন্সিলর সুব্রত চক্রবর্তী প্রমুখ। সে সময় পুজা মন্তপে আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে ও করনীয় বিভিন্ন বিষয় নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা করেন অতিথিরা। আলোচনা সভা পরিচালনা করেন মডেল থানার উপপরিদর্শক এস আই নাজিবুল হক।

এ সময় উপজেলার ৪৫ টি পুজা মন্ডপ পরিচালনা কমিটির সভাপতি-সম্পদক, সাংবাদিক সহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গার পূজা উদযাপন পরিষদের নেতৃবৃন্দের সাথে মতবিনিময়

চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুনের সাথে আলমডাঙ্গা উপজেলা পূজা উদযাপন পরিষদের নেতুবৃন্দ মত বিনিময় করেছেন। তিনি আজ শনিবার সকাল সাড়ে ১০ টার দিকে আলমডাঙ্গায় দলীয় কার্যালয়ে উপজেলার ৩৯ টি মন্দির কমিটির নেতৃবৃন্দের সাথে এ মতবিনিময় সভায় মিলিত হন।

মতবিনিময় সভায় এমপি ছেলুন জোয়ার্দ্দার বলেন,আমরা বাংলাদেশ আওয়ামীলীগ অসাম্প্রদায়িক রাজনীতিতে বিশ্বাসি,যুগ যুগ ধরে হিন্দু মুসলিম কাঁধে কাঁধ মিলিয়ে বসবাস করছি,মুক্তিযুদ্ধের যে চেতনা সেই চেতনা অনুযায়ি আমরা যার যার ধর্ম সেই সেই পালন করি,ধর্ম যার যার উৎসব সবার,আসুন আমরা সকলে মিলে একটি অসাম্প্রদায়িক মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসি সকলকে নিয়ে স্বপ্নের বাংলাদেশ গঠন করি,যে স্বপ্ন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেখেছিলেন সেই বাংলাদেশ।একটি সাম্প্রদায়িক রাজনৈতিক দল বিএনপিকে নিয়ে দেশে আবারও অরাজকতা সৃষ্টির পায়তরা করছে,আসুন আমরা সকলে মিলে ৭১ এর সেই পরাজিত শক্তির বিরুদ্ধে ঐক্যবদ্ধ হই,বিএনপি জামাতকে দাঁতভাঙ্গা জবাব দেই।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন জেলা হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদের সিনিয়র সহ-সভাপতি শ্যাম সুন্দর আগরওয়ালা। সভায় বিশেষ অতিথি ছিলেন জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক সম্পাদক মুন্সী আলমগীর হান্নান, উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবু মুসা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, উপজেলা ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট খন্দকার সালমুন আহমেদ ডন, উপজেলা হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মনীন্দ্রনাথ

দত্ত, সাধারণ সম্পাদক বিশ্বজিৎ সাধুখা।

উপজেলা পূজা উদযাপন পরিষদের সভাপতি ডাক্তার অমল কুমার বিশ্বাসের পরিচালনায় বক্তব্য রাখেন পৌর পূজা উদযাপন কমিটির সভাপতি পরিমল কুমার কালু ঘোষ, সাধারণ সম্পাদক জয় কুমার বিশ্বাস, পৌর শাখার হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদের সাধারণ সম্পাদক পলাশ আচার্য, হিন্দু কল্যাণ ট্রাস্ট এর প্রতিনিধি অসীম কুমার সাহা, রথতলা মন্দির কমিটির সভাপতি বিদ্যুৎ কুমার সাহা, পৌর আওয়ামী লীগের যুগ্ন সাধারন সম্পাদক সাইফুর রহমান পিন্টু, বণিক সমিতির সাধারণ সম্পাদক কামাল হোসেন, যুবলীগ নেতা সৈকত খান,ছাত্রলীগ নেতা আশরাফুল ইসলাম, বাদশা,আওয়ামী লীগ নেতা খন্দকার আব্দুল বাতেন? মহসিন কামাল, আমিরুল ইসলাম মন্টু, ইউপি চেয়ারম্যানের আশিকুর রহমান ওল্টু, আলোচনা সভা শেষে ৩৯ টি মন্দির কমিটির সভাপতি ও সম্পাদকদের আর্থিক সহায়তা প্রদান করেন প্রধান অতিথি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দার ছেলুন এমপি।

মেহেরপুরে সাংবাদিকদের সাথে বিএনপি নেতা আবদুল্লাহর মতবিনিময়

জাতীয় সংসদ নির্বাচনে মেহেরপুর-২ আসনে বিএনপি’র মনোনয়ন প্রত্যাশী জেলা বিএনপির সহসভাপতি ও সাবেক ভিপি মোহাম্মদ আব্দুল্লাহ সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা করেছেন।

বিএনপি’র তত্ত্বাবধায়ক সরকারের দাবিতে চলমান এক দফা আন্দোলন বাস্তবায়ন ও আগামী দিনে গাংনীর সার্বিক উন্নয়ন বিষয়ে নিজের ভাবনা তুলে ধরেন তিনি।

মেহেরপুর লা-ভোগ রেস্টুরেন্টে গতকাল সোমবার দুপুরে আয়োজিত এই মতবিনিময় উপস্থিত ছিলেন গাংনী পৌর বিএনপির সভাপতি মুরাদ আলী, মেহেরপুর জেলা বিএনপির সহসভাপতি মোস্তাফিজুর রহমান খোকন ও সাবেক সহসভাপতি আব্দুস সালাম।

এসময় জেলায় কর্মরত বিভিন্ন প্রিন্ট ও ইলেট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ অংশগ্রহণ করেন।

আলমডাঙ্গায় পূজা উদযাপন উপলক্ষে আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময়

আসন্ন শারদীয় দুর্গাপূজা উপলক্ষে আলমডাঙ্গা উপজেলা পূজা উদযাপন কমিটির নেতাদের সঙ্গে থানার ওসির আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার বিকেল ৫ টায় আলমডাঙ্গা থানা চত্বরে এ মতবিনিময় সভার আয়োজন করা হয়।

সভায় আসন্ন শারদীয় দুর্গাপূজা ২০২৩ উদযাপন উপলক্ষে আইনশৃঙ্খলা ও নিরাপত্তা সংক্রান্ত আলোচনা হয়। সেইসঙ্গে পূজা উদযাপন কমিটির সকল নেতৃবৃন্দ ও সদস্যদের মতামত গ্রহণ করা হয়।

আলোচনা সভায় আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ বলেন, নিরাপত্তা নিশ্চিতে ও নিজ নিজ ধর্ম সুষ্ঠুভাবে পালনে আইনশৃঙ্খলা রক্ষায় আলমডাঙ্গা থানাপুলিশ সবসময় সর্তক রয়েছে। পুলিশের পক্ষ থেকে প্রতিটি পূজামণ্ডপ এলাকায় সর্বোচ্চ আইনশৃঙ্খলা ও নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা হবে।

তিনি ৩ টি বিষয়ে গুরুত্ব সহকারে পালনের নির্দেশ দিয়ে বলেন, পূজা শুরু থেকে শেষ পর্যন্ত স্বেচ্ছাসেবক দলের মাধ্যমে নিরাপত্তা নিশ্চিত করতে হবে। এছাড়াও প্রতিটি পূজা মণ্ডপে আলোকসজ্জা বৃদ্ধির পাশাপাশি সিসি ক্যামেরা আওতাভুক্ত আনার পরামর্শ দেন ওসি। তবে পূজা মণ্ডপের সন্নিকটে নিকট কোন দোকান কিংবা ফাস্টফুডের দোকান না বসানোর জন্য নির্দেশ দেন।

আলোচনা সভায় উপস্থিত ছিলেন,উপজেলা হিন্দু-বৌদ্ধ- খ্রীস্টান ঐক্য পরিষদের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মনিন্দ্র নাথ দ্ত্ত, উপজেলা পূজা উতযাপন পরিষদের সভাপতি ডা: অমল কুমার বিশ্বাস,

বাহ্মন পুরহিত ঐক্য পরিষদের সভাপতি দেবেন্দ্র নাথ দোবে বাবুলাল,উপজেলা পূজা উদযাপন পরিষদের সহ- সাধারণ সম্পাদক সুধাংশ কুমার ব্যানর্জী, পৌর পূজা উদযাপন কমিটির সভাপতি পরিমল কুমার ঘোষ,হিন্দু-বৌদ্ধ-খ্রীষ্টান ঐক্য পরিষদের পৌর সম্পাদক পলাশ কুমার আচার্য্য,পূজা উদযাপন পরিষদের পৌর সাধারণ সম্পাদক জয় কুমার বিশ্বাস।

এ ছাড়াও উপস্থিত ছিলেন আশোক সাহা,লিপন বিশ্বাস,সুশিল কুমার ভৌতিকা,কৃষ্ণ বিশ্বাস,বিশ্বজিৎ সাধুখা, বিজয় কুমার দাস,শিপন কুমার দাসসহ ৩৯টি মন্দির কমিটির সভাপতি সম্পাদক বৃন্দ।

মেহেরপুরে সাংবাদিকদের সাথে এম এ এস ইমনের মতবিনিময়

মেহেরপুরে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশী ঘোষণা করে সাংবাদিকদের সাথে মতবিনিময় করেছেন সাবেক কেন্দ্রীয় ছাত্রলীগ নেতা এম এ এস ইমন।
শনিবার দুপুরে মেহেরপুর জেলা শহরের একটি রেস্টুরেন্টে তিনি এ মতবিনিময় করেন। এম এ এস ইমন মেহেরপুর জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানব সম্পদ সম্পাদক এবং কেন্দ্রীয় আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা উপকমিটির সদস্য।

মতবিনিময়কালে তিনি বলেন, মেহেরপুরের মাটি উর্বর। যেখানে বছরে চারটা ফসল উৎপাদন হয়। এখানে মানুষের ভাত-কাপড়ের তেমন অভাব নেই। মেহেরপুরে সব থেকে বড় সমস্যা হলো কর্মসংস্থানের। কারণ এখানে শিল্পকারখানা নেই, ব্যবসা বাণিজ্যের প্রসার নেই। মেহেরপুর আরও একটি বড় সমস্যা সেটি হলো শিক্ষার মান ভালো না। এখানে ভালো মানের শিক্ষা প্রতিষ্ঠান নেই। অনেকে গ্রাজুয়েট পাশ করছে কিন্তু চাকরির বাজারে গিয়ে তারা টিকতে পারছে না। আমার ইচ্ছা এ দুটি বিষয়কে সবচেয়ে বেশি গুরত্ব দেওয়া। বেকার সমস্যার সমাধান করতে পারলে অন্যান্য যেসকল ছোট ছোট সমস্যা আছে সেগুলো সমাধান হবে।

তিনি বলেন, বেকার সমস্যা সমাধানের জন্য আমি মনে করেছিলাম,

মেহেরপুরে একটি স্থলবন্দর প্রতিষ্ঠা হওয়া দরকার। সে লক্ষ্যে মেহেরপুরের মানুষদের সাথে নিয়ে দীর্ঘদিন যাবৎ স্থলবন্দর আন্দোলন করেছি। সরকার বিষয়টিকে গুরত্ব দিয়ে ইতোমধ্যে গেজেট প্রকাশ করেছে। আমি আশা করেছিলাম স্থলবন্দর প্রতিষ্ঠা হয়ে যাবে। কিন্তু কোন না কোন ঘাটতির কারণে সেটি এখনও প্রতিষ্ঠা পাইনি।

সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তরে তিনি বলেন, আওয়ামী লীগ বৃহৎ রািজৈনতক দল। এখানে নেতৃত্বের গ্রুপিং থাকবে। জননেত্রী শেখ হাসিনার কাছে মনোনয়ন চাইবো। বাকিটা নেত্রির ইচ্ছা। তবে মেহেরপুরের মানুষের সাথে কথা বলে, তৃণমূল রাজনৈতিক নেতৃবৃন্দের সাথে কথা বলে জেনেছি সকলেই পরিবর্তন চায়।
এছাড়াও তিনি বলেন, আমি যদি সুযোগ পাই বাল্যবিয়ে, ভিক্ষুকক্তু, মুজিবনগরভিত্তিক পর্যটন নগরীসহ মাদকের নির্মূলে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবো।

মতবিনিময় অনুষ্ঠানে মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, সাবেক সাধারণ সম্পাদক ইয়াদুল মোমিন, মেহেরপুর প্রেস ক্লাবের সভাপতি ফারুক হোসেন, সাবেক সভাপতি আলামিন হোসেন, সাবেক সাধারণ সম্পাদক রফিকুল আলমসহ জেলায় কর্মরত বিভিন্ন গণমাধ্যমের প্রতিনিধিরা অংশ নেন।

উল্লেখ্য, আওয়ামী লীগ নেতা এম এ এস ইমন গত জাতীয় নির্বাচনেও স্থানীয় নেতৃবৃন্দ ও সাধারণ মানুষের কাছে ব্যাপক সাড়া ফেলেছিলেন। তিনি বর্তমান সরকারের উন্নয়ন তুলে ধরে বিভিন্ন সময় বুকলেট বিতরণ, গণসংযোগ অব্যহত রেখেছেন।

কোটচাঁদপুরের গণমাধ্যমকর্মীদের সঙ্গে সাবেক

সংসদ সদস্য নেওয়াজ মতবিনিময়

কোটচাঁদপুরের গণমাধ্যমকর্মীদের সঙ্গে মতবিনিময় করেছেন,ঝিনাইদহ - ৩ আসনের সাবেক সংসদ সদস্য ও আওয়ামী-যুবলীগের প্রেসিডিয়াম সদস্যঃ নবী নেওয়াজ। আজ শুক্রবার (২৯-০৯-২৩) দুপুরে স্থানীয় পাঠাগারে এ সভা করেন তিনি।

এ সময় উপস্থিত ছিলেন,গনমাধ্যমকর্মী অশোক দে,কাজী মৃদুল,নজরুল ইসলাম, কামাল হাওলাদার, সুব্রত কুমার,আব্দুল্লাহ বাশার,মঈন উদ্দিন, রেজাউল ইসলাম।

মতবিনিময় সভায় সংসদ সদস্য তুলে ধরেন, ২০১৪ সাল থেকে ২০১৮ সাল পর্যন্ত উন্নয়নের কিছু চিত্র। যার মধ্যে ছিল,দুই উপজেলায় এলজিইডির অধীনে ১৫২ কিমি হেরিং ভাঙ্গা ও কাঁচা নতুন রাস্তা পিচ করন,১৪৮ কিলোমিটার রাস্তার রক্ষণা-বেক্ষনের কাজ,জেলা পরিষদের মাধ্যমে মসজিদ, মন্দির, ঈদগাহ ও কবরস্থান সহ সামাজিক প্রতিষ্ঠানের উন্নয়নে দেয়া হয়েছিল ৫,২০,০০,০০০/- টাকা অনুদান, আশি কোটি টাকা ব্যয়ে করা হয়েছিল খালিশপুর হতে মহেশপুর-দত্তনগর-জিন্নানগর-সামন্তা- বাঁশবাড়িয়া, যাদবপুর পর্যন্ত পাকা রাস্তা উন্নয়নের কাজ,স্থাপন করা করেছিলেন ৭৫ টি ব্রীজ ও কালভার্টের কাজ,হয়েছিল,২২ কিলোমিটার এইচ,বি,বি রাস্তা, টিআর ও কাবিখার কাজ করা হয়েছিল ২০ কোটি ৫০ লাখ টাকার, ১৮৫০টি ঘর,ধর্মীয় প্রতিষ্ঠান, অফিস- দোকান পাঠ ও রাস্তায় স্ট্রিট লাইটের দেয়া হয়েছিল,পাঁচ বছরে,হতদরিদ্র মানুষের মধ্যে টিন বিতরন করা হয়েছিল ৪৮০ বানন্ডিল, প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণ করেছিলেন ২২টি, ৩০টি মাধ্যমিক বিদ্যালয়ের নতুন তরুন নির্মান ও মেরামত করা হয়, ১৩ কোটি একুশ লক্ষ একষট্টি হাজার টাকা ব্যয়ে নির্মাণ করা ৬টি নতুন কলেজ ভবন,নির্মাণ করা হয়,কোটচাঁদপুর ও মহেশপুরের মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন,মুক্তিযোদ্গাদের জন্য ৭৫ লক্ষ টাকা ব্যয়ে ৮টি ঘর নির্মাণ করা হয়েছিল।

তিনি বলেন,আগামী নির্বাচনে জয়ী হয়ে আপনাদের কাছে আসতে পারলে দুই উপজেলায়,দুটি মিনি স্টেডিয়াম,মহেশপুরের আজমপুর দো-বিলে মিনি বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রস্থাপন,মহেশপুর-কোটচাঁদপুরের মাঝে একটা বিসিক শিল্প নগরী গড়ে তোলা,কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপন করা মত কাজ গুলো অগ্রধিকারের ভিত্তিতে করে যাবো।

মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন,কোটচাঁদপুর পৌরসভার মেয়র সহিদুজ্জামান সেলিম, কোটচাঁদপুর উপজেলার মহিলা ভাইস চেয়ারম্যান পিংকি খাতুন, বলুহর ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান আব্দুল মতিন,উপজেলা যুবলীগের আহবায়ক মীর মনিরুল আলম,যুগ্ন আহবায়ক আশরাফুল ইসলাম খোকন।

কোটচাঁদপুরে সাংবাদিকদের সাথে মডেল থানার নবাগত ওসির মতবিনিময়

ঝিনাইদহের কোটচাঁদপুরে কর্মরত সাংবাদিকদের সাথে মডেল থানার নবাগত অফিসার ইনর্চাজ আল-মামুন এর সাথে মতবিনিময় ও পরচিতি সভা অনুষ্ঠিত হয়েছে। তিনি চাকরি জীবনে বিভিন্ন থানায় ও ঝিনাইদহ ডিএসবির গুরুত্বপূর্ণ দপ্তরের দায়িত্ব পালন করেছেন বলে জানাই।

আজ সোমবার (২৫ সেপ্টেম্বর)সন্ধায় মডেল থানার অফিসার ইনর্চাজের কার্যালয়ে এ সভা করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন মানবজমিন প্রতিনিধি নজরুল ইসলাম,কালের কন্ঠ প্রতিনিধি কাজী এনাম আহাম্মদ মৃদুল, য়ায়য়ায়দিন প্রতিনিধি আলমগীর খান, পূর্ব অঞ্চল প্রতিনিধি শেখ ইসমাইল হোসেন, আমার সংবাদ প্রতিনিধি মঈন উদ্দিন খান,দৈনিক বীর জনতা পত্রিকা নিজস্ব প্রতিবেদক আব্দুল্লাহ বাশার, ভোরের দর্পন প্রতিনিধি আনোয়ার জাহিদ জামান, আমাদের সময় প্রতিনিধি আব্দুর রউফ, মাথাভাঙা প্রতিনিধি ফারুক আহমেদ মুকুল, ঢাকা অধিবেশন সবজি আহমদ বকুল,গ্রামের কন্ঠ প্রতিনিধি বাবলু মিয়া,এই আমার দেশ প্রতিনিধি আবুল হাসান, প্রতিদিনের কন্ঠ প্রতিনিধি দেলোয়ার হোসেন প্রমুখ।

এ সময় শুরু হয় উন্মুক্ত আলোচনা। অফিসার ইনর্চাজ কোটচাঁদপুরের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। এবং আইন শৃঙ্খলা পরিস্থিতি ও উপজেলা বাসির জান মালের নিরাপত্তা স্বাভাবিক রাখতে সাংবাদিকদের কাছে সহযোগিতা কামনা করেন।

গাংনীতে ভ্যান শ্রমিকদের সাথে মতবিনিময় ও গাছের চারা বিতরণ

গাংনীতে জেলা ছাত্রলীগের সাবেক সহ সভাপতি শাহিদুজ্জামান শিপুর উদ্যোগে উপজেলার ব্যাটারি চালিত ভ্যান শ্রমিকদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সেই সাথে পরিবেশ রক্ষার লক্ষে শ্রমিকদের মাঝে গাছের চারা বিতরণ করা হয়েছে। সভায় গাংনী পৌর এলাকাসহ বিভিন্নি এলাকার ভ্যান শ্রমিকরা অংশগ্রহণ করেন।

গতকাল শুক্রবার বিকেলে গাংনী মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে এ সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন মেহেরপুর-২(গাংনী) আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

এসময় বক্তব্য রাখেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সহ-সভাপতি সাহিদুজ্জামান শিপু,গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা সাবেক কমান্ডার আমিরুল ইসলাম,গাংনী পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলাম, রাইপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শামসুজ্জামান মঙ্গল, গাংনী বাজার কমিটির সাধারণ সম্পাদক মো: রফিক প্রমুখ।

সভায় সভাপতিত্ব করেন ভ্যান শ্রমিক ময়নাল হক। এসময় উপস্থিত ছিলেন আওয়ামী লীগ ছাত্রলীগ ও স্বেচ্ছাসেবক লীগের নেতা কর্মীরা। মতবিনিময় সভা শেষে ভ্যান শ্রমিকদের মাঝে আগ গাছের চারা বিতরণ করা হয়।